দৈনিক জনকণ্ঠ
188
তারিখ MAR. 13 2000
পৃষ্ঠা ৮ কলাম ২

# এসএসসি পরীক্ষার প্রশ্নপত্রে ভুল

উপরোক্ত শিরোনামে গত ০৭-০৩-২০০০ তারিখে দৈনিক ইত্তেফাকের চিঠিপত্র কলামে প্রকাশিত পত্রে 'খ' সেটের ৩ নম্বর প্রশ্নের ভুল তুলিয়া ধরিবার জন্য পত্র লেখিকাকে ধন্যবাদ। কিন্তু আরেকটি প্রশ্নের উত্তর ভুল ছিল না। 'গো ব্রাহ্মণে ভক্তি তাহার এ অঞ্চলে বিখ্যাত'-এ কার উক্তি? পত্র লেখিকার মতে, লেখকের উক্তি। কিন্তু তাহা গফুরের উক্তি, যাহা পাঠ্য বইয়ের ৪১ পৃষ্ঠার দ্বিতীয় স্তবকের সর্বশেষ লাইন। তাহাছাড়া ৪৭ পৃষ্ঠার ৪ নম্বর নৈর্ব্যক্তিক প্রশ্নও তাহার অনুকৃতি। অতএব, 'খ' সেটের ২৩ নম্বর প্রশ্নে কোন ভুল ছিল না।

খোন্দকার আমিন আহম্মেদ
আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা